# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

গোপালগঞ্জ।

Web Site:www.gopalgonjpourashava.org

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-গোপৌ:/প্রবি:/২০১৮-২০১৯/ তারিখঃ

প্রাপকঃ জনাবা.......................................................

.......................................................

.......................................................

সদস্য,
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি
গোপালগঞ্জ পৌরসভা।

বিষয়ঃ " দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি " এর সভায় অংশগ্রহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে আগামী ০৫/০৩/২০১৯ইং তারিখ সকাল ১০:০০ঘটিকায় গোপালগঞ্জ পৌরসভা সম্মেলন কক্ষে " দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি " এর সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ-

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ০৩নং সিডিসি ক্লাস্টর অফিসের পানির লাইন মেরামত প্রসঙ্গে।
৩। ০৪ নং ওয়ার্ডের ০২টি সিসি রাস্তা নির্মান করা প্রসঙ্গে।
৪। বিবিধঃ

(ইসমাত আরা)
সভাপতি,
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন
স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর০৪,০৫,০৬ নং ওয়ার্ড
গোপালগঞ্জ পৌরসভা
গোপালগঞ্জ
তারিখঃ

স্মারম নংঃ গোঃপৌঃ/
অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।
১.মেয়র, গোপালগঞ্জ পৌরসভা।

(ইসমাত আরা)
সভাপতি,



☎ অফিসঃ ০২৬৬৮৫৫২৩; ০২৬৬৮১১৯০; বাসা ঃ ০২৬৬৮৫৩২৫

# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
## গোপালগঞ্জ

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন (স্থায়ী) কমিটির সভার কার্যবিবরণীঃ-
সভার সভাপতিঃ- জনাবা, ইসমাত আরা
সভার স্থানঃ- গোপালগঞ্জ পৌরসভার সভাকক্ষ
সভার তারিখঃ ৮/০৬/১৯
সময় ঃ সকাল.............ঘটিকা

| ক্রমিক নং | উপস্থিত সদস্যদের নাম ও পদবি | কমিটিতে পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব, কাজী লিয়াকত আলী<br>মেয়র, গোপালগঞ্জ পৌরসভা | সম্মানিত সদস্য<br>(পদাধিকার বলে) | [illegible] |
| ০২ | জনাবা, ইসমাত আরা<br>কাউন্সিলর ওয়ার্ড নংঃ- ৪,৫ও ৬ | সভাপতি | [illegible] |
| ০৩ | জনাবা, খাদিজা বেগম<br>কাউন্সিলর ওয়ার্ড নংঃ-০১,০২,০৩ | সম্মানিত সদস্য | [illegible] |
| ০৪ | জনাবা, সাইয়েদা আক্তার<br>কাউন্সিলর ওয়ার্ড নংঃ-০৭,০৮,০৯ | সম্মানিত সদস্য | [illegible] |
| ০৫ | জনাব, এম মাহাবুব আলী সোহেল<br>কাউন্সিলর ওয়ার্ড নংঃ-০৮ | সম্মানিত সদস্য | |
| ০৬ | জনাব,অবিনাশ চন্দ্র সরকার<br>নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা | সম্মানিত সদস্য | [illegible] |
| ০৭ | জনাবা, রাশিদা বেগম<br>আবুল বাসার রোড, গোপালগঞ্জ | সম্মানিত সদস্য | [illegible] |
| ০৮ | জনাবা, লায়লা বেগম<br>তেঘুড়িয়া-পাচুড়িয়া, গোপালগঞ্জ | সম্মানিত সদস্য | [illegible] |
| ০৯ | মোঃ জুলফিকার আলী মোল্লা<br>বস্তি উন্নয়ন কর্মকর্তা, গোপালগঞ্জ | সদস্য-সচিব | [illegible] |

### পর্যাবেক্ষক অতিথি

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | উজ্জ্বল কুমার রায় | UGIIP- III | CDA | [illegible] |
| ২. | | | | |
| ৩. | | | | |
| ৪. | | | | |

# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
# গোপালগঞ্জ

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন (স্থায়ী) কমিটির সভার কার্যবিবরণীঃ-

সভার সভাপতিঃ- জনাবা, ইসমাত আরা

সভার স্থানঃ- গোপালগঞ্জ পৌরসভার সভাকক্ষ

সভার তারিখঃ- ০৫/০৩/২০১৯ইং

সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা

আলোচ্যসূচীঃ-

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ০৩নং সিডিসি ক্লাস্টর অফিসের পানির লাইন মেরামত প্রসঙ্গে।
৩। ০৪ নং ওয়ার্ডের ০২টি সিসি রাস্তা নির্মান করা প্রসঙ্গে।
৪। বিবিধঃ

আলোচনা ও সিদ্ধান্ত :- সভার শুরুতে অত্র সভার সভাপতি সাহেব সভায় উপস্থিত সদস্যবৃন্দদের স্বাগতম জানান এবং সদস্যসচিবকে সভার কাজ শুরু করার আহব্বান জানান। এরপর অত্র কমিটির সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

০১নং আলোচ্যসূচী অনুযায়ি সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী থাকলে তা সংশোধনীর জন্য অনুরোধ করেন বিগত সভার কার্যবিবরণীতে কোনো প্রকার সংশোধনী না থাকায় উপস্থিত সকল সদস্যদের সম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

০২নং আলোচ্যসূচী অনুযায়ী অত্র কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, ১০.০২.২০১৯ইং তারিখে সিডিসিক্লাস্টারের সি.এইস.ডি.এফ এর সভাপতি রুনু বেগমের আবেদন অনুযায়ী দেখা যায় যে গোপালগঞ্জ পৌরসভার আওতাধীন ০৯নং ওয়ার্ডে অবস্থিত ০৩নং সিডিসি ক্লাস্টার অফিসের পানির লাইনটি পৌরসভার ঈদগাহ মাঠে উন্নয়ন কাজ চলার সময় বিচ্ছিন্ন হয়ে হয়ে যায়। এমতাবস্থায় উক্ত পনির লাইনটি মেরামত করা আবশ্যক। উক্ত পানির লাইনটি মেরামতের জন্য প্রক্কলন অনুযায়ী ৮,০৪০/- (আট হাজার চল্লিশ টাকা মাত্র) প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত পানির লাইনটি মেরামত করার জন্য মাননীয় মেয়র মহোদয়ের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৩নং আলোচ্যসূচী অনুযায়ী অত্র কমিটির সভাপতি সভাকে অবহিত করেন যে, ০৪নং ওয়ার্ডের বস্তি এলাকায় যাতায়াতের জন্য বাঁশের পাইলিং ও মাটি ভরাট সহ ০২টি রাস্তা নির্মান করা আবশ্যক। উক্ত রাস্তা দুইটি নির্মান করার জন্য (পিআইসি) প্রক্কলন অনুযায়ী ২,৫৮,২৮৪/- (দুই লক্ষ আটান্ন হাজার দুইশত চুরাশি টাকা মাত্র) প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত ০২টি রাস্তা নির্মান করার জন্য মাননীয় মেয়র মহোদয়ের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৪নং আলোচ্যসূচী অনুযায়ী বিবিধ-তে আর কোন আলোচনা না থাকায় অত্র সভার সভাপতি উপস্থিত সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

ইসমাত আরা
আহব্বায়ক
দারিদ্র  নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
এবং
কাউন্সিলর, ওয়ার্ড নং:-৪,৫,৬
গোপালগঞ্জ পৌরসভা, গোপালগঞ্জ